পুরোনো ছবি নতুন করবে বিনামূল্যের এআই টুল

পুরোনো ছবি ঠিক করে নতুন চেহারা দেওয়ার এআই টুল নিয়ে এসেছে চীনা প্রযুক্তি জায়ান্ট টেনসেন্ট। বিনামূল্যের এআই টুলের বিষয়টি প্রথম চিহ্নিত করেছেন এআই বিশ্লেষক লুইস বউচার্ড এবং ফটোগ্রাফি সাইট পেটা পিক্সেল, যেখানে ব্যবহৃত হয়েছে ‘জেনারেল ফেসিয়াল প্রায়র-জেনারেটিভ অ্যাডভার্সারিয়াল নেটওয়ার্ক (জিএফপি-জিএএন)’।

এ টুলের মাধ্যমে নষ্ট হওয়া এবং কম রেজুলিউশনের পোর্ট্রেইট ছবি ঠিক করা যাবে বলে। দুটি এআই একীভূত হয়ে উচ্চমানের নির্ভুলতা ও গুণমান বজায় রেখে মাত্র কয়েক সেকেন্ডেই ছবির নষ্ট হয়ে যাওয়া অংশকে বাস্তবসম্মত চেহারায় রূপান্তর করে নতুন এ প্রযুক্তি।

এতদিন প্রচলিত পদ্ধতিতে কৃত্রিম ও বাস্তব ছবির মধ্যে থাকা পার্থক্য নির্ণয়ের পর সেটি ‘ফাইন-টিউন’ করে পুনরায় ছবিটি ফিরিয়ে আনত বিদ্যমান এআই মডেল, যা ক্রমাগত অনুমানের ফলাফল দেখাত বলে জানিয়েছেন বিজ্ঞানীরা। নতুন পদ্ধতিতে বিদ্যমান এআই মডেলের একটি ‘প্রি-ট্রেইন্ড’ সংস্করণ (এনভিডিয়ার স্টাইলজিএএন-২) ব্যবহৃত হয়, যা ছবি তৈরির প্রক্রিয়া চলাকালীন একাধিক পর্যায়ে দলের নিজস্ব মডেলকে জানায়। ছবিতে থাকা মানুষের পরিচয় সংরক্ষণের লক্ষ্য নিয়ে অগ্রসর হওয়ার পাশাপাশি চোখ এবং মুখের মতো চেহারার ধরনে বেশি নজর দেয় নতুন এ প্রযুক্তি।

‘জিএফপি-জিএএন’-এর একটি ‘ডেমো’ সংস্করণ বিনামূল্যেই ব্যবহার করে দেখতে পারবেন ব্যবহারকারী। এ ছাড়া টুলটির নির্মাতারা এরইমধ্যে তাদের কোড প্রকাশ করেছে, যার মাধ্যমে যে কেউই নিজস্ব প্রকল্পে প্রযুক্তিটি ব্যবহার করতে পারবেন। এ প্রকল্প এখনো বর্তমান এআই’র সীমাবদ্ধতার মধ্যে আবদ্ধ। এর নির্ভুলতা অবাক করার মতো হলেও ছবির হারিয়ে যাওয়া বিষয়বস্তু নিয়ে তথ্যনির্ভর অনুমান করছে এটি।

ডলার বাঁচাতে টেলিটকের ৫জি প্রকল্প স্থগিত

ফাইভ-জির আগে ফোর-জি নেটওয়ার্ক সারা দেশে সরবরাহের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, এ মুহূর্তে হাওড়, গ্রাম ও দুর্গম এলাকা ফোর-জি নেটওয়ার্ক সম্প্রসারণ করতে হবে। এ ছাড়া ডলার বাঁচাতে ঢাকা মেট্রোপলিটন এলাকায় টেলিটকের নেটওয়ার্কে বাণিজ্যিকভাবে ফাইভ-জি প্রযুক্তি চালুকরণ শীর্ষক প্রকল্পটি ফেরত দেওয়া হয়েছে।

মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। গণভবন থেকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফ করেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান ও পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম।

এ সময় উপস্থিত ছিলেন পরিকল্পনা সচিব মামুন-আল রশীদ, ভৌত অবকাঠামো বিভাগের সদস্য সত্যজিৎ কর্মকার, তথ্য ও ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন এবং আইএমইডির সচিব আবু হেনা মোরশেদ প্রমুখ।

পরিকল্পনামন্ত্রী বলেন, তিনি (প্রধানমন্ত্রী) মনে করেন আগে ফোর-জি সেবা উন্নতি করা উচিত। সেই সঙ্গে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করার লক্ষ্যে এ প্রকল্প স্থগিতের নির্দেশ দেন একনেক সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, যেহেতু সরকার কৃচ্ছসাধন করছে এবং টেলিটকের ফাইভ-জি প্রকল্পের বড় অংশই আমদানিনির্ভর। তাই ডলার ব্যবহারের ওপর চাপ কমাতেই প্রকল্পটি বাদ দেওয়া হয়েছে। আর আপাতত দেশে ফাইভ-জি কাভারেজের চেয়ে ফোর-জির পরিধি বাড়ানো জরুরি। সেই আঙ্গিকে মোবাইল অপারেটরদের কাজ করার আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তবে সার্বিকভাবে বিদেশি ঋণ প্রকল্পের পরিধি কমবে কিনা সে বিষয়ে আলোচনা হয়নি।

[redacted]

[redacted]

মহাকাশ বিজ্ঞানীদের মতে, পৃথিবীর এই ভিন্ন ঘূর্ণন গতি হতে পারে অভ্যন্তরীণ কারণে। আবার হতে পারে বাইরের স্তরের কারণেও। আবার মহাসাগরের জোয়ার-ভাটা কিংবা জলবায়ু পরিবর্তনের কারণেও এমন ঘটনা ঘটতে পারে। চাঁদের আকর্ষণ, মধ্যাহ্নশক্তি ও মহাকর্ষ শক্তির বিষয়টিতো রয়েছেই।

গবেষকরা বলেন, পৃথিবীর উপরিভাগ চ্যান্ডলার ওয়াবল নামে পরিচিত। ওই জায়গা থেকেই গতি পেতে শুরু করে পৃথিবী। সেখানকার কোনো কারণেও গতি দ্রুত হতে পারে। আবার কখনো ধীরগতিও হতে পারে।

তথ্যসূত্র: এনডিটিভি, ইন্ডিপেন্ডেন্ট ইউকে

নানামুখী সংকটে অ্যাপলের লাভ কমেছে ১১ শতাংশ

করোনা মহামারির পর রাশিয়া-ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে নতুন করে বিশ্ব জুড়ে অর্থনৈতিক সংকট তৈরি হয়েছে। মূল্যস্ফীতি বেড়ে আকাশচুম্বী হয়েছে। এতে মানুষের জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ার পাশাপাশি অর্থনীতির ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব পড়েছে। এমন পরিস্থিতিতে ক্ষতির মুখে পড়েছে বিশ্বের বড় বড় কোম্পানি। মার্কিন প্রযুক্তি কোম্পানি অ্যাপল চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে বড় অঙ্কের লাভ হারিয়েছে।

বৃহস্পতিবার অ্যাপল প্রকাশিত প্রতিবেদন এতে বলা হয়, আগের বছরের একই সময়ের তুলনায় চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে কোম্পানিটির লাভ কমেছে ১১ শতাংশ। কারণ কোম্পানিটি অর্থনৈতিক অস্থিতিশীলতা, সরবরাহ সংকট ও চীনের কঠোর করোনা নীতির মধ্যেই কাজ চালিয়ে যাচ্ছে।

প্রতিবেদনে বলা হয়, কোম্পানিটি আয় করেছে ৮৩ বিলিয়ন ডলার, যা আগের বছরের একই সময়ের চেয়ে ২ শতাংশ বেশি। যদিও এটি চলতি আর্থিক বছরের মধ্যে সর্বোচ্চ পরিসংখ্যান তবে আগের বছরের চেয়ে অনেক কম। এদিকে অ্যাপল বিক্রি ও লাভে ওয়াল স্ট্রিটের পূর্বাভাসকে

ছাড়িয়েছে গেছে। এ প্রতিবেদন প্রকাশের পরও কোম্পানিটির শেয়ার বেড়েছে ৪ শতাংশ।

অন্যদিকে চলতি বছরের দ্বিতীয় প্রান্তিকে যুক্তরাষ্ট্রের অর্থনীতি কমেছে শূন্য দশমিক ৯ শতাংশ। এ নিয়ে পরপর দুই প্রান্তিকে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক প্রবৃদ্ধি নিম্নমুখী হলো।

যুক্তরাষ্ট্রের অর্থনীতির এ খবরটি খুবই জটিল সময়ে এসেছে। উচ্চ মূল্যস্ফীতি ও সুদের হার বৃদ্ধির ফলে দেশটির ভোক্তা ও ব্যবসায়ীরা সংগ্রাম চালিয়ে যাচ্ছে। বুধবার যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংক তিন-চতুর্থাংশ পয়েন্ট ভিত্তিতে সুদের হার বাড়িয়েছে। সূত্র: সিএনএন

অ্যান্ড্রয়েড টু আইওএসে বার্তা

মেটার মালিকানাধীন মেসেজিং প্ল্যাটফরম হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীর পাঠানো টেক্সট অ্যান্ড্রয়েড ডিভাইস থেকে আইওএস ডিভাইসে নেওয়ার সুবিধা এনেছে।

যেসব ব্যবহারকারীর ‘অ্যান্ড্রয়েড ৫.০+’ ডিভাইসে হোয়াটসঅ্যাপের ‘২.২২.৭.৭৪’ বা এর পরবর্তী সংস্করণ এবং ‘আইওএস ১৫.৫+’ ডিভাইসে হোয়াটসঅ্যাপের ‘২২.১০.৭০’ অথবা পরবর্তী সংস্করণ ইনস্টল করা রয়েছে, তাদের জন্য বার্তা সরানো তুলনামূলক সহজ। তবে, একটি অ্যান্ড্রয়েড ডিভাইস থেকে অন্য অ্যান্ড্রয়েড ডিভাইসে বার্তা সরানোর মতো সহজ নয় এটি।

কারণ, ব্যবহারকারীর ‘পেমেন্ট মেসেজ’ এবং ‘কল হিস্ট্রি’ আগের ডিভাইসেই থেকে যাবে বলে প্রতিবেদনে উল্লেখ করেছে প্রযুক্তিবিষয়ক সাইট অ্যান্ড্রয়েড পুলিস। এই সুবিধা চালু করতে ডিভাইস দুটোকে একই ওয়াইফাই নেটওয়ার্কের অধীনে থাকতে হবে এবং অ্যাপলের ‘মুভ টু আইওএস’ অ্যাপটি ডাউনলোড করতে হবে চলতে থাকা অ্যান্ড্রয়েড ডিভাইসে। আইফোনে হোয়াটসঅ্যাপে ‘মুভ টু আইওএস’ অ্যাপটি চালু করে স্ক্রিনে দেওয়া নির্দেশনা অনুসরণ করতে হবে ব্যবহারকারীকে।

এর পর, আইফোনে দেখানো একটি কোড অ্যান্ড্রয়েড ডিভাইসে প্রবেশ করাতে হবে। পরবর্তীতে আরও কিছু নির্দেশনা অনুসরণ করে পুরনো অ্যান্ড্রয়েড ডিভাইসে ব্যবহৃত ফোন নাম্বারের মাধ্যমে নতুন ‘আইওএস’ ডিভাইসে লগ ইন করতে হবে ব্যবহারকারীকে।

এর পর, নতুন ডাউনলোড প্রক্রিয়া শুরু হলেই প্রত্যাশিত বার্তা খুঁজে পাবেন ব্যবহারকারী। আইফোন থেকে অ্যান্ড্রয়েডে বার্তা স্থানান্তরের তুলনায় আরও বেশি ধাপের মধ্য দিয়ে যেতে হয় এই প্রক্রিয়ায়।

এই বিষয়ে বিস্তারিত জানতে ব্যবহারকারীকে হোয়াটসঅ্যাপের অফিসিয়াল হেল্প সেন্টার দেখার পরামর্শ দিয়েছে সাইটটি।

বিশ্বব্যাপী গুগল ওয়ালেট চালু

গত মে মাসে অনুষ্ঠিত গুগল আই/ও সম্মেলনে গুগল জানিয়েছিল, তাদের গুগল পে অ্যাপের সঙ্গে অন্যান্য অ্যাপের বিভিন্ন ফিচার সংযুক্ত করে নতুন অ্যাপ উন্মুক্ত হবে। অবশেষে বিশ্বব্যাপী চালু হলো সেই নতুন অ্যাপ-গুগল ওয়ালেট।

এখন গুগল ওয়ালেট আনুষ্ঠানিকভাবে চালু এবং বিশ্বের ৩৯টি দেশ থেকে ডাউনলোড করা যাচ্ছে। যদিও কিছু দেশে এ অ্যাপটি ভিন্নভাবে কাজ করবে। গুগল ওয়ালেটের সঙ্গে পেমেন্ট সুবিধার পাশাপাশি আরও কিছু ফিচার থাকছে।

যেমন ভ্যাকসিন কার্ড, ট্রানজিট ও ইভেন্ট টিকিট, বোর্ডিং এবং লয়্যালিটি পাশ সংরক্ষণ করে রাখার সুবিধা থাকছে। এসব ফিচার অনেকটাই অ্যাপল ওয়ালেটের মতো। তবে গুগল ওয়ালেটে বাড়তি কিছু সুবিধা থাকছে, এতে অন্যান্য গুগল অ্যাপ যেমন ম্যাপসের ইন্টিগ্রেশন থাকছে। কারও কারও কাছে গুগল ওয়ালেট নামটি পরিচিত মনে হতে পারে।

২০১১ সালে গুগল একই নামে একটি অ্যাপ উন্মোচন করেছিল। সেটির ফিচার পরে গুগল পে’তে সন্নিবেশিত করা হয়। এখন গুগল পে অ্যাপের

অধিকাংশ ফিচারই গুগল ওয়ালেটে যুক্ত হচ্ছে।

পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ নেটফ্লিক্সে

ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফরম নেটফ্লিক্সে পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ করতে পরীক্ষামূলক প্ল্যান নিয়ে হাজির প্রতিষ্ঠানটি। এখন থেকে নিজের পাসওয়ার্ড অন্যের সঙ্গে শেয়ার করলেই পড়বেন বিপদে। নতুন প্ল্যান অনুসারে একটি আইডি থেকে একই সঙ্গে একাধিক বাড়িতে লগ ইন করলে গুনতে হবে অতিরিক্ত টাকা।

এর ফলে বিনামূল্যে পাসওয়ার্ড শেয়ারিং বন্ধ হবে। দ্বিতীয় কোনো বাড়ি থেকে একই অ্যাকাউন্টে লগ ইন করে স্ট্রিম করতে চাইলে অতিরিক্ত খরচ করতে হবে। যদিও সেই ক্ষেত্রে সাধারণ প্ল্যানের তুলনায় খরচ অনেকটা কম হবে।

এদিকে নেটফ্লিক্স জানিয়েছে, বিশ্বব্যাপী প্রায় ১০ কোটি গ্রাহক অন্যের পাসওয়ার্ড ব্যবহার করে বিনামূল্যে স্ট্রিমিং করে। শুধু মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডাতেই প্রায় ৩ কোটি বাড়িতে পাসওয়ার্ড শেয়ারিংয়ের মাধ্যমে নেটফ্লিক্স চলে।

চলতি বছর মার্চে চিলি কোস্টারিকাসহ দক্ষিণ আমেরিকার একাধিক দেশে অ্যাড এক্সট্রা মেম্বার ফিচার চালু করে নেটফ্লিক্স। সেখানেও বাড়তি স্ট্রিমিংয়ের জন্য আলাদা খরচ করতে হয়েছে গ্রাহকদের।

এবার আর্জেন্টিনা, ডমিনিকান প্রজাতন্ত্র, এল সালভাদর, গুয়াতেমালা এবং হন্ডুরাসে এই নিয়ম শুরু করেছে নেটফ্লিক্স। তবে ভ্রমণের সময় এ নিয়ম প্রযোজ্য নয়।

ফেসবুক ঢেলে সাজাচ্ছে মেটা

জনপ্রিয় সামাজিক মাধ্যম প্ল্যাটফরম ফেসবুক অ্যাপের নিউজ ফিড ঢেলে সাজানোর ঘোষণা দিয়েছে মেটা।

পরিবর্তনের অংশ হিসাবে ভার্টিক্যাল ভিডিওর জন্য পৃথক বিভাগ চালু করা হয়েছে। এ ছাড়াও পরিবারের সদস্য ও বন্ধুদের পোস্ট একটি পৃথক ট্যাবে দেখাবে ফেসবুক। ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা জানিয়েছে, বৃহস্পতিবার থেকেই ফেসবুক অ্যাপের হোমপেজ টিকটকের মতো দেখতে হবে। সেখানে পরপর ভার্টিক্যাল পাবলিক ভিডিও আসতে থাকবে।

সাম্প্র্রতিক মাসগুলোতে নিজস্ব মাধ্যমে থাকা ‘রিলস’-এর বুস্টিং বাড়ানোর পক্ষে মতামত দিয়ে আসছিলেন মেটার নির্বাহীরা। এটি অনেকটা টিকটকের স্বল্প দৈর্ঘ্যরে ভিডিওর মতোই, যার মাধ্যমে অনেক কমবয়সি ব্যবহারকারী আকৃষ্ট করতে পেরেছে সামাজিক ভিডিও শেয়ারিং মাধ্যমটি।

ফেসবুকের মূল নিউজ ফিড ট্যাব ‘হোম’-এ ব্যবহারকারী এখন থেকে অনুসরণ করেন না এমন ব্যবহারকারীর জনপ্রিয় পোস্টও দেখতে পাবেন। এক বিবৃতিতে মেটা বলেছে-এর মধ্যে আছে রিলস এবং স্টোরিজ। নিজস্ব ‘মেশিন লার্নিং র্যাংকিং’ পদ্ধতির মাধ্যমে ব্যবহারকারীকে পোস্ট পরামর্শ দেবে ফেসবুক।

এ ছাড়া, পোস্ট পরামর্শ দেওয়ার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা বা ‘এআই’ প্রযুক্তিতে বিনিয়োগের কথাও জানিয়েছে প্রভাবশালী এ সামাজিক মাধ্যম। ‘ফিডস’ নামের নতুন ট্যাবে আগের পদ্ধতিতে ব্যবহার করা যাবে ফেসবুক, যেখানে পরিচিত বন্ধু, পেজ এবং গ্রুপের পোস্ট দেখতে পাবেন ব্যবহারকারী। “ট্যাবের মধ্যে ‘ফিডস’ দেখা যাবে ক্রমানুসারে, কোন ধরনের নিজস্ব র্যাংকিং ব্যবস্থা ছাড়াই।”- ফেসবুক পোস্টে বলেছেন মেটা সিইও জাকারবার্গ। মেটা বলেছে, ফিডস-এর মধ্যে ‘সাজেস্টেড পোস্ট’ না থাকলেও এখনো বিজ্ঞাপন থাকবে এতে।

সমালোচনার মুখে চীনা ওয়ার্ড প্রসেসর কিংসফট

একজন চীনা লেখকের অভিযোগের প্রেক্ষিতে চীনের সফটওয়্যার ডেভেলপার তুখোড় সমালোচনার মুখে পড়েছে। মিফি গু নামের ওই নারী লেখক অভিযোগ করেছেন, কম্পানি ওয়ার্ড প্রসেসিং দশ লক্ষাধিক শব্দের লেখা ‘স্পর্শকাতর বিষয়’ উল্লেখ করে আটকে দিয়েছে।

দি ওয়াল স্ট্রীট জার্নাল জানিয়েছে, গত ২৫ জুন নারী লেখক দেখতে পান, সফটওয়্যার তাকে সতর্ক বার্তা পাঠিয়েছে লিখেছে, ‘এই লেখায় নিষিদ্ধ বিষয় নিহিত আছে। সুতরাং এতে প্রবেশাধিকার বাতিল করা হলো।

মিফি বলেছেন, ‘ওই মেসেজ দেখে আমার মাথা ঘুরে গেছে। দশ লক্ষাধিক শব্দ লিখেছি ওই ওয়ার্ড সফটওয়্যারে। এখন আমি তাতে প্রবেশ কেরতে পারছি না।’

ডব্লিউপিএস নামের ওই সফটওয়্যার চীনে সর্বাধিক ব্যবহৃত একটি অ্যাপ্লিকেশন। তার এই ঘটনা তিনি টুইটার সদৃশ চীনের উইবো প্লাটফর্মে এবং বিভিন্ন রাইটার্স ফোরামে শেয়ার করেছেন। এতে সামাজিক ওই মাধ্যমগুলোতে প্রচুর ক্ষোভ দেখা গেছে।

টুইটার প্রধানকে ইলন মাস্কের ‘হুঁশিয়ারি’

টুইটার কেনার সিদ্ধান্ত থেকে সরে আসার ১০দিন আগে টুইটারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পরাগ আগারওয়ালকে হুঁশিয়ারি দিয়েছিলেন টেসলা প্রধান ইলন মাস্ক। এছাড়া চুক্তি অমান্য করে টুইটার কিনে নেওয়া থেকে সরে আসার আনুষ্ঠানিক ঘোষণা দেওয়ার পরও আগারওয়ালের সঙ্গে বাহাস করার সুযোগ হাতছাড়া করেননি তিনি।

টুইটারের প্রধান নির্বাহীর উদ্দেশ্যে ইলন মাস্ক বলেন, ‘আপনার

আইনজীবীরা আমার ও আপনার মধ্যকার আলাপ-আলোচনা নিয়েও সংকট তৈরি করার চেষ্টা করছেন।’

টুইটারে ইলন মাস্ক কীভাবে বিনিয়োগ করতে চান তা জানতে চেয়ে পাঠানো চিঠির জবাবে আগারওয়ালের উদ্দেশে এমনটি জানান তিনি। গত ২৮ জুনের চিঠির জবাবে এমনটি টুইট করেন তিনি।

এর আগে যুক্তরাষ্ট্রে গত ১২ জুলাই চুক্তি অমান্য করে ৪৪ বিলিয়ন ডলারে টুইটার কিনে নেওয়া থেকে সরে আসায় ইলন মাস্কের নামে মামলা করে টুইটার কর্তৃপক্ষ।

স্থানীয় সময় মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ডেলোয়্যার কোর্ট অফ চ্যান্সারিতে টুইটারের চেয়ারম্যান ব্রেট টেইলরের পক্ষে মামলাটি করা হয়। মামলায় বলা হয়, চুক্তির শর্ত অমান্য করায় টেসলা ও স্পেসএক্সের মালিক মাস্কের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে।